ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৫২১

আগরতলা, ১ জুলাই, ২০২৫

**আন্তর্জাতিক মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী দিবস উপলক্ষ্যে সচেতনতামূলক অনুষ্ঠানে সমাজকল্যাণমন্ত্রী**
**দৃঢ় সংকল্পের মাধ্যমে নেশামুক্ত সমাজ গঠন করা সম্ভব**

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে আজ আগরতলা টাউন হলে আন্তর্জাতিক মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী দিবস উপলক্ষ্যে এক সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় বলেন, দৃঢ় সংকল্পের মাধ্যমে নেশামুক্ত সমাজ গঠন করা সম্ভব। সচেতনতামূলক অনুষ্ঠান ছাড়াও গ্রামীণ এলাকাগুলিতে পথনাটক, প্রচার অভিযান ইত্যাদির মাধ্যমে সমাজে সচেতনতামূলক বার্তা পৌঁছে দেওয়া হচ্ছে। এছাড়াও রাজ্যের স্বসহায়ক দলের মহিলা সদস্যদের মাধ্যমে নেশার কুফল সম্পর্কে বার্তা ছড়িয়ে দেওয়া হচ্ছে। নেশার ভয়াবহ দিক সম্পর্কে যুব সমাজকে বিশেষভাবে সচেতন করার উপর সমাজকল্যাণমন্ত্রী গুরুত্ব আরোপ করেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস বলেন, আন্তর্জাতিক মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী দিবস উপলক্ষ্যে গত ১ জুন থেকে ২৬ জুন পর্যন্ত রাজ্যের প্রতিটি জেলায় দপ্তরের উদ্যোগে নানা কর্মসূচি পালন করা হয়েছে। এই কর্মসূচিকে সফলভাবে রূপায়ণ করার জন্য ৩টি জেলাকে সেরা হিসেবে বেছে নেওয়া হয়েছে। এক্ষেত্রে প্রথম স্থান হিসেবে দক্ষিণ ত্রিপুরা জেলা, দ্বিতীয় স্থান হিসেবে পশ্চিম ত্রিপুরা জেলা এবং তৃতীয় স্থান হিসেবে সিপাহীজলাকে পুরস্কৃত করা হয়। এছাড়াও এই দিবস উপলক্ষ্যে আন্তঃ স্কুল এবং আন্তঃ কলেজগুলিতে বিতর্ক, স্লোগান এবং পোস্টার লিখন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিলো। আজ অনুষ্ঠান মঞ্চে প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের সচিব তাপস রায়, এন্টি নারকোটিকসের এস.পি. প্রিয়া মাধুরী মজুমদার, পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক মেঘা জৈন প্রমুখ। অনুষ্ঠানে জেলার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরাও অংশগ্রহণ করে।

*****